# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯২৩

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৯. দ্বিতীয় অনুচ্ছেদ - দেউলিয়া (দারিদ্র্য) হওয়া এবং ঋণীকে অবকাশ দান

আরবী

وَعَن عَمْرو بن عَوْف الْمُزَنِيّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الصُّلْحُ جَائِزٌ بَيْنَ الْمُسْلِمِينَ إِلَّا صُلْحًا حَرَّمَ حَلَالًا أَوْ أَحَلَّ حَرَامًا وَالْمُسْلِمُونَ عَلَى شُرُوطِهِمْ إِلَّا شَرْطًا حَرَّمَ حَلَالًا أَوْ أَحَلَّ حَرَامًا» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهْ وَأَبُو دَاوُدَ وَانْتَهَتْ رِوَايَته عِنْد قَوْله «شروطهم»

বাংলা

২৯২৩-[২৫] ’আমর ইবনু ’আওফ আল্ মুযানী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মুসলিমদের পরস্পর আপোস-মীমাংসাকে ইসলাম অনুমোদন করে। কিন্তু যে মীমাংসা হালালকে হারাম এবং হারামকে হালাল করবে, তা জায়িয নয়। মুসলিমগণ পরস্পরের মধ্যে যে শর্ত করবে, তা অবশ্যই পালন করতে হবে। কিন্তু যে শর্ত ও চুক্তি হালালকে হারাম এবং হারামকে হালাল করবে তা জায়িয হবে না। (তিরমিযী, ইবনু মাজাহ ও আবূ দাঊদ; আবূ দাঊদ বর্ণনা করেন ’শর্তসমূহ’ পর্যন্ত)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ১৩৫২, আবূ দাঊদ ৩৫৯৪, ইবনু মাজাহ ২৩৫৩, ইরওয়া ১৪২০, সহীহ আল জামি‘ ৩৮৬২। তবে আবূ দাঊদের সানাদটি দুর্বল, আর তার শাহিদ বর্ণনা দ্বারা তা হাসান-এর স্তরে উন্নীত হয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘নায়নুল আওত্বার’-এ রয়েছে, উল্লেখিত বক্তব্যটা সব ধরনের মীমাংসার ক্ষেত্রে প্রযোজ্য, তবে আলোচ্য হাদীস যা আলাদা করেছে তা ব্যতীত। তিরমিযীর অপর বর্ণনায় রয়েছে যে, মুসলিমদের মাঝে মীমাংসা করা বৈধ। তবে সে মীমাংমা ছাড়া যার দ্বারা হালাল হারাম হয়ে যাবে এবং হারাম হালাল হয়ে যাবে। আর তিরমিযী এ হাদীসকে সহীহ বলেছেন। তবে অধিকাংশ বর্ণনায় ‘‘হাসান’’ হুকুম লাগানো হয়েছে। (‘আওনুল মা‘বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৫৯১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68250

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন